প্রকৌশলীর কার্যালয়
বিভাগ-২, ঢাকা।
2898
তারিখ ঃ
অ: স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৪
www.pwd.gov.bd

তারিখ: ১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২১৭.০৮.০০০২.২৪.৪৩১

**বিষয়: শ্রী অখিল চন্দ্র সরকার'র বহিঃ বাংলাদেশ (ভারত) গমন করায় অর্জিত ছুটি বর্দ্ধিতকরণ প্রসংগে।**
সূত্র: অত্র দপ্তরের স্মারক নং-২৫.৩৬.০০০০.২১৭.০৮.০০২.২৪.২৮৪; তাং-৩০/০৬/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ক ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী গণপূর্ত বিভাগ-২, রাজশাহীতে কর্মরত প্লাম্বার, শ্রী অখিল চন্দ্র সরকার তার ফুসফুসে ক্যান্সার জনিত সমস্যায় উন্নত চিকিৎসা করার উদ্দেশ্যে ভারত গমনের লক্ষ্যে সূত্রস্থ স্মারক মোতাবেক ০৩/০৮/২০২৫ তারিখ হতে ০২/০৯/২০২৫ তারিখ পর্যন্ত মোট ৩০(ত্রিশ) দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হয়েছিল। বর্ণিত কর্মচারী ০৭/০৮/২০২৫ তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের অর্জিত ছুটি নিয়ে বহিঃবাংলাদেশ (ভারত) গমন করেন এবং গত ০৫/০৯/২০২৫ তারিখে তার অনুমোদিত ছুটি শেষ হয়ে যায়। শ্রী অখিল চন্দ্র সরকার ভারতে ফুসফুসজনিত অ্যাডেনোকার্সিনোমা (Adenocarcinoma) ক্যান্সারের চিকিৎসাধীন অবস্থায় ডাক্তারের পরামর্শক্রমে তাকে আরও অতিরিক্ত ১৫(পনেরো) দিন ভারতে অবস্থান করা প্রয়োজন।

২। **SAROJ GUPTA CANCER CENTRE & RESEARCH INSTITUTE, India** এর চিকিৎসক শ্রী অখিল চন্দ্র সরকারকে ০৬/০৯/২০২৫ তারিখ হতে ২০/০৯/২০২৫ তারিখ পর্যন্ত অতিরিক্ত ১৫ (পনেরো) দিন ভারতে অবস্থান করার পরামর্শ প্রদান করেন ।

৩। এমতাবস্থায়, শ্রী অখিল চন্দ্র সরকার তার আবেদনের প্রেক্ষিতে স্বাস্থ্যগত কারণে বিএস আর , পার্ট-১ এর বিধি-১৫৭ এবং পরিশিষ্ট-৮ এর বিধান মোতাবেক অনুচ্ছেদ-৯ ও ১৫ এর আলোকে ১৯৫৯ ৩(১) বি(২) নং বিধি অনুযায়ী ০৬/০৯/২০২৫ তারিখ হতে ২০/০৯/২০২৫ তারিখ পর্যন্ত ১৫(পনেরো) দিন পূর্ণ গড় বেতনে নির্দেশক্রমে অর্জিত ছুটি মঞ্জুরিসহ ভারতে নিম্নোক্ত শর্তে বহিঃ বাংলাদেশ (ভারত) অবস্থানের লক্ষ্যে অর্জিত ছুটি বর্ধিত করার অনুমতি প্রদান করা হলো।

ক) নির্ধারিত সময়ের বেশি তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
খ) উক্ত ভ্রমণের জন্য বাংলাদেশ সরকারের কোনো কোনো দেশী বা বৈদেশিক অর্থ ব্যয়ের সংশ্লিষ্টতা থাকবে না।
গ) তিনি ছুটিকালীন সময়ে দেশীয় মুদ্রায় বেতন ও ভাতাদি গ্রহণ করবেন।
ঘ) তিনি দেশে প্রত্যাবর্তন করে স্বপদে যোগদান করবেন।

এতে প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

১৬-০৯-২০২৫
(মোঃ মাহাবুব হাসান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
se_est@pwd.gov.bd

শ্রী অখিল চন্দ্র সরকার, প্লাম্বার, রাজশাহী গণপূর্ত বিভাগ-২
রাজশাহী এর আওতাধীন রাজশাহী গণপূর্ত উপ-বিভাগ-২, রাজশাহী (তাকে বহিঃবাংলাদেশ হতে স্বদেশ প্রত্যাবর্তন পূর্বক প্রমাণক স্বরুপ সংশ্লিষ্ট পাসপোর্ট-এ ইমিগ্রেশনের সীলকৃত পৃষ্ঠা অত্র দপ্তরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২১৭.০৮.০০০২.২৪.৪৩১/১ (৬)

তারিখ: ১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত সার্কেল, রাজশাহী।
২। নির্বাহী প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত বিভাগ-২, রাজশাহী।
৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, পূর্ত ভবন, ঢাকা।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী।
৫। ইমিগ্রেশন অফিসার, সকল স্থল বন্দর, বাংলাদেশ/সকল বিমান বন্দর, বাংলাদেশ।
৬। গার্ড ফাইল /, সংরক্ষণ নথি।

১৬-০৯-২০২৫
(মোঃ মাহাবুব হাসান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)